# Times Today BD

ইমরান হোসেন রাজ | খুলনা | 15 July, 2025

এনপির জাতীয় নির্বাহী কমিটির ভারপ্রাপ্ত সাংগঠনিক সম্পাদক ( খুলনা বিভাগ) অনিন্দ্য ইসলাম অমিত বলেছেন, যারা নির্বাচনকে পেছানো কিংবা অনিশ্চিত করার ষড়যন্ত্র করছে তারা কোন ক্রমেই গণতন্ত্রের বন্ধু হতে পারে না।দেশের জনগণের ভোটের অধিকার নিশ্চিত না হওয়া পর্যন্ত বিএনপির একজন কর্মীও রাজপথ ছেড়ে যাবে না। যে ভাবে আন্দোলনের মাধ্যমে ফ্যাবিবাদের পতন নিশ্চিত করেছি, ঠিক একই ভাবে জনগণের ভোটের অধিকার নিশ্চিত করবো ইনশাআল্লাহ।

মঙ্গলবার যশোর জেলা স্বেচ্ছাসেবক দল আয়োজিত বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন।সারাদেশে প্রশাসনের নির্লিপ্ততায় আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ও ষড়যন্ত্র মূলক ভাবে দেশকে অস্থিতিশীল করার চেষ্টার প্রতিবাদে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে বিক্ষোভ মিছিল শেষে সমাবেশ অনুষ্ঠিত হয়।

শহরের দড়াটানা ভৈরব চত্বরে অনুষ্ঠিত সমাবেশে অনিন্দ্য ইসলাম অমিত আরও বলেন, ৫ আগস্টের পর অনেকে ফ্যাসিবাদ বিরোধী আন্দোলনের শক্তি হিসেবে আর্বিভূত হয়েছে।বিগত ১৬ বছর ফ্যাসিবাদ বিরোধী আন্দোলনে তাদের কার কি ভুমিকা ছিল সেই কথা উল্লেখ করে ফ্যাসিবাদ মুক্ত বাংলাদেশে ঐক্যের পথে আমরা কোন অন্তরায় চাই না। বিএনপির রাজনৈতিক শিক্ষা, এই দল আমাদের ভিন্ন কোন রাজনৈতিক দলের নেতাকর্মীদের নিয়ে কটুক্তির কিছু বলতে শেখায়নি ।সেই কারণে বিএনপির কোন নেতাকর্মী অন্য কোন রাজনৈতিক দলের নেতাকর্মীদের নিয়ে কটুক্তি করে না।কিন্তু বিএনপির এবং অঙ্গ সহযোগী সংগঠনের নেতাকর্মীরা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান এবং তারেক রহমান সম্পর্কে কটুক্তির প্রতিবাদ জানাতে সংযম প্রদর্শন করলেও জনগন কিন্তু সংযম প্রদর্শন করবে না।কারণ শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ঘোষণায় মহান স্বাধীনতা যুদ্ধের সূচনা হয়েছিল।তিনি কৃষক শ্রমিকসহ সকল শ্রেণির পেশার মানুষের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে নয় মাসে লাল সবুজের পতাকা ছিনিয়ে এনেছিলেন।দীর্ঘ ১৬ বছর ফ্যাসিবাদ বিরোধী আন্দোলনে তারেক রহমান প্রমাণ করেছেন, তিনি শুধু বিএনপির নন সমগ্র বাংলাদেশের নেতা।মনে রাখবেন সেদিন তারেক রহমান আপনাদের পাশে দাঁড়িয়েছিল বলে আপনারা সুস্থ জীবন যাপন করছেন।আজও রাজনীতি করার সুযোগ পাচ্ছেন।তাই এখনো সংযম প্রদর্শন করুন।

অনিন্দ্য ইসলাম অমিত দলীয় নেতাকর্মীদের উদ্দেশ্য বলেন শত্রু এবং ষড়যন্ত্রকারীদের পাতা ফাঁদে পা দেবেন না, সর্বোচ্চ সংযম প্রদর্শন করবেন। যে ভাবে কাঁধে কাঁধ মিলিয়ে ফ্যাসিবাদ বিরোধী আন্দোলনে লড়াই করেছিলেন।ঠিক সে ভাবে লড়াই করে জনগণের ভোটের অধিকার নিশ্চিত করবেন।একটি সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে দেশ প্রেমিক জাতীয়তাবাদের সরকার প্রতিষ্ঠা করবেন এটি আমাদের লক্ষ্য ।আর সেটি করতে পারলে দেশ বিরোধী ষড়যন্ত্রকারীদের প্রকৃত রাজনৈতিক জবাব দেওয়া সম্ভব হবে।

জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক মোস্তফা আমির ফয়সালের সভাপতিত্বে অনুষ্ঠিত বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখেন, কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের যুগ্ম সম্পাদক মনিরুল ইসলাম মনির।সমাবেশ পরিচালনা করেন জেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব রাজিদুর রহমান সাগর।এর আগে শহরের আর এন রোড নতুন বাজার এলাকা থেকে বিক্ষোভ মিছিল শুরু হয়।মিছিলে উপস্থিত ছিলেন জেলা বিএনপির

সাংগঠনিক সম্পাদক প্রকৌশলী রবিউল ইসলাম, জেলা  স্বেচ্ছাসেবক দলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক আলী হায়দার রানা প্রমুখ।

স্বেচ্ছাসেবক দল নির্বাচন জিয়াউর রহমান বিএনপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 18:16

URL: https://timestodaybd.com/public/khulna/4817387723